রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৮, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ১লা কার্তিক, ১৩৯৭/১৭ই অক্টোবর, ১৯৯০

এস, আর, ও নং ৩৬২-আইন/৯০—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 (4) (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কোন করদাতা কর্তৃক বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংকলরী হইতে অর্জিত সম্পূর্ণ আয়কে এই শর্তে আয়কর হইতে অব্যাহতি দান করিলেন যে, উক্ত করদাতা—

(১) অনধিক দুইটি বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরীর মালিক হওয়ার ক্ষেত্রে তাঁহাকে নিম্নোক্ত হারে, যথা :—

| | | প্রদেয় আয়কর |
|---|---|---|
| (ক) ৫২ এর অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | টাকা | ২,০০০.০০ |
| (খ) ৫২ অথবা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য। | টাকা | ১,৫০০.০০ |
| (গ) প্রতিটি মিনিবাসের জন্য .. .. | টাকা | ১,০০০.০০ |
| (ঘ) ৫ টনের অধিক ধারণক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য। | টাকা | ২,০০০.০০ |



মূল্য: ৩০ পয়সা

প্রদেয় আয়কর

(ঙ) ৫ টন অথবা উহার কম ধারণক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য। টাকা ১,০০০.০০

(চ) ৫ টনের অধিক ধারণক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংকলরীর জন্য। .. টাকা ২,০০০.০০

(ছ) ৫ টন অথবা উহার কম ধারণক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংকলরীর জন্য। টাকা ১,০০০.০০ এবং

(২) দুইটির অধিক বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরীর মালিক হওয়ার ক্ষেত্রে তাঁহাকে নিম্নোক্ত হারে, যথাঃ—

(ক) ৫২ এর অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য। টাকা ২,৫০০.০০

(খ) ৫২ অথবা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য। টাকা ২,০০০.০০

(গ) প্রতিটি মিনিবাসের জন্য .. .. টাকা ১,৫০০.০০

(ঘ) ৫ টনের অধিক ধারণক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য। টাকা ২,৫০০.০০

(ঙ) ৫ টন অথবা উহাযর কম ধারণক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য। .. টাকা ১,৫০০.০০

(চ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য। .. টাকা ২,৫০০.০০

(ছ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য। টাকা ১,৫০০.০০

আয়কর প্রদান করিতে হইবে।

২। উক্তরূপ কোন করদাতা এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুযোগ গ্রহণ না করিলে তাঁহার ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর সংশ্লিষ্ট বিধানসমূহ প্রযোজ্য হইবে।

৩। কোন করদাতা এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুযোগ গ্রহণ করিলে তাঁহার বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরী হইতে অর্জিত আয় তাঁহার মোট আয় নিরূপনের বেলায় হিসাবে ধরা হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আলী রেজা খান

অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।